



এই কর্ম গোষ্ঠীর উদ্দেশ্য হল ভাষার দিক থেকে ধারাবাহিক, সুসঙ্গত এবং প্রামাণ্য পদ্ধতিগুলি ব্যবহার করে ত্রাণসংস্থা এবং ক্ষতিগ্রস্ত মানুষজনদের মধ্যে একটি দ্বিমুখী যোগাযোগ গড়ে তোলা যাতে মহিলা-পুরুষ, বালকবালিকা আর সেই সাথে প্রান্তিক ও প্রতিবন্ধী মানুষজন তাদের যেসমস্ত তথ্য প্রয়োজন তা পেতে পারেন এবং যে সহায়তাগুলি দেওয়া হচ্ছে সেগুলির মধ্যে কোন জিনিসগুলি তাদের সবচেয়ে বেশি প্রয়োজন এবং তাদের আশংকাগুলি সম্পর্কে মতামত জানাতে পারেন।

এই কৌশলের মাধ্যমে এমন ক্রিয়াকলাপগুলি শনাক্ত করা হবে যা কোনও জরুরি অবস্থা চলাকালীন বা রোগের প্রাদুর্ভাব বা ঘূর্ণিঝড়ের মতো কোনও আকস্মিক সংকটের সময় সমষ্টিগত, সাধারণ বা সংগঠিত সেবাদানের অংশ হিসাবে শুরু করা হবে। এই ক্রিয়াকলাপগুলির মধ্যে আছে মার্চকর্মীদের সাহায্য করা যাতে তারা বিভিন্ন ধরনের যোগাযোগের মাধ্যম ব্যবহার করে শরণার্থী এবং আশ্রয়দাতা জনগোষ্ঠী, উভয়ের সাথে সরাসরি যোগাযোগ গড়ে তুলতে পারেন। জনগোষ্ঠীগুলির পছন্দের দিকে লক্ষ্য রেখে যোগাযোগের মাধ্যম বেছে নেয়া হবে, যার মধ্যে থাকবে রেডিও, অডিও, ভিডিও, ছাপানো তথ্য, ডিজিটাল এবং মুখোমুখি কথাবার্তা যাতে মানবিক সহায়তার মান উন্নত করা যায় এবং ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি আরও বেশি দায়বদ্ধতা নিশ্চিত করা যায়।

রেডিওর মাধ্যমে যোগাযোগের ক্ষমতা বাড়ানো এবং অনুষ্ঠান:

- 'বেতার সংলাপ' রেডিও অনুষ্ঠানটিতে আশ্রয়দাতা জনগোষ্ঠীর মানুষজন সরকার এবং ত্রাণসংস্থার কর্মকর্তাদের প্রশ্ন জিজ্ঞাসা করা এবং তাদের সমস্যা তুলে ধরার সুযোগ পান।
- রেডিও বাংলাদেশ বেতার এবং রেডিও নাফের জাতীয় বেতার সাংবাদিকদের "শান্তি ও সংঘাত সম্পর্কে প্রতিবেদন"-এর উপর প্রশিক্ষণ দেওয়া - যা সংঘাত এড়ানো ও শান্তি বজায় রাখার জন্য জনগোষ্ঠীর মধ্যে সম্প্রীতি গড়ে তুলতে পক্ষপাতহীন ও সত্য সংবাদ পরিবেশনের দক্ষতা তৈরি করবে।
- বেতার এবং নাফ রেডিও'র কর্মী এবং স্বৈচ্ছাসেবীদের জরুরী অবস্থায় সম্প্রচার এবং বার্তা প্রচারের দক্ষতা গড়ে তোলা হবে।
- আশ্রয়দাতা জনগোষ্ঠীদের জন্য শিক্ষামূলক অনুষ্ঠানের প্রসার, যাতে লোকগান এবং বিশেষত কিশোরকিশোরীরা অংশগ্রহণ করতে পারে এমন বিনোদনমূলক অনুষ্ঠান থাকবে।
- আশ্রয়দাতা জনগোষ্ঠীর রেডিও শ্রোতা দল।

টেকনাফ এলাকাতে

- রোহিঙ্গা এবং আশ্রয়দাতা জনগোষ্ঠীকে একসাথে নিয়ে জরুরী অবস্থার জন্য প্রস্তুতির প্রশিক্ষণ।
- বিবাদের সমাধান এবং যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণকে উৎসাহিত করতে পারা উন্নয়ন দলের সক্রিয় সহায়তা।
- উনচিংপ্রাং ও নয়াপারা ক্যাম্পের আশেপাশের আশ্রয়দাতা জনগোষ্ঠীর সাথে এর মূল্যায়ন করা প্রয়োজন।
- হোয়াইকং-এর আশ্রয়দাতা জনগোষ্ঠীতে থাকা জনগোষ্ঠীর স্বৈচ্ছাসেবকরা ত্রাণ সংস্থাগুলির পরিচালনায় জনগোষ্ঠীর যোগদান এবং অংশগ্রহণ বাড়ানোর উদ্দেশ্যে কাজ করবে।

সাধারণ

- আশ্রয়দাতা জনগোষ্ঠীকে প্রশিক্ষণ দেওয়া যাতে মানুষজনের সাথে কথাবার্তা এবং জনগোষ্ঠীর যোগদানের দক্ষতা গড়ে তোলা যায়।
- ইউনিয়ন পর্যায়ের কর্মী এবং সহযোগী সংস্থাগুলি জনগোষ্ঠীর মধ্যে আলাপ আলোচনা, উঠান বৈঠক এবং বাড়ি বাড়ি গিয়ে দেখা সাক্ষাৎ করবে যাতে জনগোষ্ঠীর সাথে আলাপআলোচনা করা ও তাদের মতামত জানা সহজ হয়।

- স্বানীয়ভাবে পরিচালিত শিশুদের জন্য কর্মসূচীতে জনগোষ্ঠীর অংশগ্রহণ বাড়ানো ও সামাজিক এবং আচরণগত পরিবর্তনের বিষয়ে জানানো: এর মধ্যে রয়েছে শিশুদের অধিকার সম্পর্কে প্রচারের জন্য বিভিন্ন পদ্ধতিতে ওয়ার্ড পর্যায়ে সুপরিকল্পিতভাবে জনগোষ্ঠীর অংশগ্রহণ।